

সম্পাদকীয়:

করোনাভাইরাসের প্রকোপ বাড়ছে। বাড়ছে দরিদ্র মানুষের অসহায়তা। কোথাও কোথাও বাড়ছে বধিওতদের ক্ষোভ-বিক্ষোভও। পাশাপাশি বাড়ছে বিপন্ন মানুষের প্রতি সহযোগিতার উদ্যোগও। এমনি কিছু উদ্যোগের কথা তুলে ধরা হলো এই নিউজ লেটারে; যে উদ্যোগগুলো নিয়েছিলেন সুজন-এর বন্ধুরা।

চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের জন্য ফেস শিল্ড বিতরণ:



সুজন-মোংলা উপজেলা কমিটির সাধারণ সম্পাদক মোঃ নূর আলম শেখের উদ্যোগে খুলনা ও বাগেরহাট জেলার বিভিন্ন হাসপাতালে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের জন্য ফেস শিল্ড বিনামূল্যে বিতরণ করা হয়। কুয়েট-এর ছাত্র সুমিত চন্দ ও বরিশাল মেডিকেল কলেজের ছাত্র হেদায়েতুজ্জামান অর্নবের নেতৃত্বে মোংলার একদল ছাত্র এই ফেস শিল্ড তৈরি করে।

প্রথম পর্যায়ে গত ১৭ এপ্রিল ২০২০-এ খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের করোনা ইউনিট ও মোংলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ ১০০ ফেস শিল্ড বিতরণ করা হয়। দ্বিতীয় পর্যায়ে ২০ এপ্রিল ২০২০, সোমবার খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা সদর হাসপাতাল, আদদীন হাসপাতাল, বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও রামপাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫০০ ফেস শিল্ড বিতরণ করা হয়।

মোঃ নূর আলম শেখের সার্বিক ব্যবস্থাপনায় ফেস শিল্ড প্রস্তুতের কাজে সহযোগিতা করে কুয়েট এ্যালামনাই, মোংলার শাহীন সাইফুল্লাহ এবং নাম প্রকাশে অনিচ্ছুক একজন প্রবাসী চিকিৎসক।

সিলেটে চা-শ্রমিক, মনিপুরী ও ওরাও সম্প্রদায়ের মধ্যে উপহার বিতরণ:

গত ১৯ ও ২০ এপ্রিল ২০২০-এ সুজন-সিলেট জেলা কমিটির নেতৃত্বে মাছিমপুর এলাকায় চা-শ্রমিক, মনিপুরী ও ওরাও সম্প্রদায়সহ অন্যান্য ধর্মাবলম্বী ১১৫টি পরিবারের মধ্যে সহায়তা সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করা হয়। সহায়তা সামগ্রীর মধ্যে ছিল ৫ কেজি চাল, ৫০০ গ্রাম ডাল ও একটি হুইল সাবান।

সুজন-সিলেট জেলা কমিটির সভাপতি, বিভাগীয় সমন্বয় কমিটির আহ্বায়ক ও কেন্দ্রীয় নির্বাহী সদস্য জনাব ফারুক মাহমুদ চৌধুরীর সার্বিক ব্যবস্থাপনায় সহায়তা সামগ্রী বিতরণের দায়িত্বে ছিলেন লক্ষীকান্ত সিংহ, সুজিত বরাক, মিলন ওরাও প্রমুখ। উল্লেখ্য, সহায়তা সামগ্রী বিতরণের এই কার্যক্রম চলমান থাকবে।

করোনা মোকাবেলায় শায়েস্তাগঞ্জে বিভিন্ন উদ্যোগ:



করোনাভাইরাস মোকাবেলায় বিভিন্নমুখী উদ্যোগে সামিল হয়েছে সুজন শায়েস্তাগঞ্জ উপজেলা ও পৌর কমিটি। উদ্যোগসমূহের মধ্যে ছিল:

* ২৬ মার্চ, ২০২০: শায়েস্তাগঞ্জ সদরে ২০০০ জনসচেতনতামূলক লিফলেট এবং শ্রমজীবী মানুষদের মধ্যে ১০০ সাবান বিতরণ।

* ২৯ ও ৩০ মার্চ ২০২০: ১০টি দরিদ্র পরিবারের মধ্যে সহায়ক সামগ্রী (৩ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবন, ১ লিটার তেল ও ১টি সাবান) বিতরণ।

* ২১-২৪ এপ্রিল ২০২০: ১০০০ শ্রমজীবী (রিঝাওয়ালা, ভ্যানওয়ালা, দিনমজুর, সজীবিক্রেতা, ফুটপাতের হকার) মানুষের মধ্য নিজস্ব উদ্যোগে বানানো ক্যাপ ও মাস্ক বিতরণ শুরু, যা ২৪ এপ্রিল সম্পন্ন হবে।

এ সকল কাজের নেতৃত্ব দেন সুজন-শায়েস্তাগঞ্জ উপজেলা কমিটির সভাপতি জনাব জালাল উদ্দিন রফি ও শায়েস্তাগঞ্জ পৌর কমিটির সভাপতি আব্দুর রকিব।

বাংলাদেশে করোনাভাইরাসের সর্বশেষ চিত্র:

মোট আক্রান্ত: ৪,১৮৬ জন

মোট মৃত্যু: ১২৭ জন

মোট সুস্থ: ১০৮ জন

তথ্যসূত্র: আইইডিসিআর; তারিখ: ২৩-০৪-২০২০

সম্মানিত সুজন নেতৃবৃন্দ,

বর্তমান পরিস্থিতিতে আমাদের স্বাভাবিক কার্যক্রম প্রায় বন্ধ হয়ে গিয়েছে। অনলাইনভিত্তিক কার্যক্রমই এখন ভরসা। তাই যোগাযোগের সুবিধার জন্য সকলের প্রতি ই-মেইল ও ফেসবুক আইডি ০১৭১২-৫৯১২৪৮ (দিলীপ সরকার) ও ০১৯১২-৭৪৮৮২৯ (সাবিহা সুলতানা) নাম্বারে এসএমএস করে পাঠানোর জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।